Zaitoon Academy أكاديمية الزيتون

# ২য় অভিভাবক-শিক্ষক সম্মেলন (PTM)

প্রিয় অভিভাবক

আগামী ২৭ এপ্রিল,২০২৪ রোজ শনিবার যাইতুন একাডেমিতে ২য় অভিভাবক-শিক্ষক সম্মেলনের আয়োজন করা হচ্ছে। প্রত্যেক অভিভাবকের জন্য ১০ মিনিট করে সময় দিয়ে মিটিং শিডিউল করা হয়েছে। অভিভাবকবৃন্দ এই শিডিউল অনুসরণ করে পিটিএম সম্পন্ন করবেন। অভিভাবকবৃন্দ ছাত্র-ছাত্রীদের ডায়রি সাথে নিয়ে আসবেন। এইদিন ছাত্র-ছাত্রীরা ক্লাসে আসবে না। হিফজ বিভাগের ছাত্র-ছাত্রীদের ক্লাস যথারীতি চলবে।

একজন শিক্ষার্থীর শিক্ষাগত, চারিত্রিক ও আধ্যাত্মিক উন্নতির জন্য শিক্ষক ও অভিভাবকের এই সম্মেলন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শিক্ষক ও অভিভাবকের নিয়মিত সম্মেলনের মাধ্যমে নিচের বিষয়গুলো নিশ্চিত হয়:

১. পিটিএম শিক্ষক ও অভিভাবকের মধ্যে সেতু বন্ধন তৈরি করে।

২. পিটিএমের মাধ্যমে অভিভাবকরা বাচ্চাদের একাডেমিক ও চারিত্রিক উন্নতি সম্পর্কে বিস্তারিত জানার সুযোগ পায়।

৩. পিটিএমের মাধ্যমে অভিভাবকরা বাসায় বাচ্চাদেরকে কীভাবে পাঠদান/গাইড করবেন তা জানতে পারবেন।

৪. পিটিএমের মাধ্যমে অভিভাবকরা শিক্ষকদেরকে বাচ্চাদেরকে ভিন্ন কৌশলে পরিচালনার ব্যাপারে তথ্য দিয়ে সহযোগিতা করতে পারেন।

৫. পিটিএমের মাধ্যমে অভিভাবকরা অতি দ্রুত সমস্যা সমাধান সম্পর্কে অবহিত পারেন।

৬. সর্বোপরি শিক্ষক-অভিভাবক যৌথভাবে একজন শিক্ষার্থীর ক্যারিয়ার গড়তে অবদান রাখতে পারেন।

৭. পরীক্ষা সংক্রান্ত গাইড লাইন সরাসরি বুঝে নিয়ে বাসায় সন্তানদের সহযোগিতা করতে পারবেন।